

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৮৪

পর্ব ২১: খাদ্য (ইয়ানু)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَن سعيد بنِ زيدٍ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْكَمْأَةُ مِنَ الْمَنِّ وَمَاؤُهَا شِفَاءٌ لِلْعَيْنِ» . مُتَّفَقٌ عَلَيْهِ. وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ: «مِنَ الْمَنِّ الَّذِي أَنزلَ اللَّهُ تَعَالَى على مُوسَى عَلَيْهِ السَّلَام»

বাংলা

8১৮৪-[২৬] সা'ঈদ ইবনু যায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ব্যাঙ্কের ছাতা মান্ন জাতীয় এবং তার পানি চক্ষুর জন্য নিরাময়। (বুখারী ও মুসলিম)[1]

আর মুসলিম-এর এক রিওয়ায়াতে আছে, সে মান্ন বিশেষ যা আল্লাহ তা'আলা মূসা (আ.)-এর প্রতি অবতীর্ণ করেছিলেন।

ফটনোট

[1] সহীহ: বুখারী ৪৪৭৮, মুসলিম ১৫৭-(২০৪৯), ১৫৮-(২০৪৯); সুনান তিরমিয়ী ২০৬৭, ইবনু মাজাহ ৩৪৫৩, সহীহুল জামি' ৪৬১৩, মুসানাফ ইবনু আবূ শায়বাহ ২৩৬৯৩, মুসনাদুল হুমায়দী ৮১, মুসনাদুল বায়ার ১২৫০, মুসনাদে আহমাদ ১০৬৪৭, মুসনাদে আবূ ইয়া'লা ৯৬১, সুনানুন নাসায়ী আল কুবরা ৬৬৭১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১২৮৩৪, আল মু'জামুস্ সগীর লিত্ব ত্বারানী ৩৪৪, আল মু'জামুল আওসাত্ব ৩৩৮৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২০০৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الْكَمْأَةُ مِنَ الْمَنِّ) "মাশরম মান্ন-এর অন্তর্ভুক্ত" অর্থাৎ এটা আল্লাহর দান যা আল্লাহ তা'আলা মূসা (আ.)-এর ওপর নাযিল করেছিলেন। অথবা এটা দ্বারা ঐ মাশরম উদ্দেশ্য যা জমিনে এমনিতেই বিনা চাষে উৎপন্ন,



এজন্য কোন কিছু ব্যয় করতে হয় না। অতএব তা যেন সেই "মান্ন" এর মতো যা আল্লাহ তা'আলা মূসা (আ.)-এর কওমকে দান করেছিলেন।

(وَمَا وَهَا شَفَاءٌ لِلْعَيْنِ) "তার পানি চক্ষু রোগের জন্য উপকারী"। বলা হয়ে থাকে যে, ঔষধে তার রস মিশ্রিত করে চক্ষু রোগের জন্য ব্যবহার করলে ভালো ফল পাওয়া যায় অথবা শুধুমাত্র তার রসই চক্ষুরোগ উপশম করে। (মিরক্রাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২০৪৯)

খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ মাশর্রমের এই বেশিষ্ট্য এজন্য যে, তা নিছক হালাল। কেননা তা জমিনে এমনিতেই উৎপাদন হয় আর যা জমিনে বিনা চাষেই উৎপাদন হয় আর আল্লাহ হালাল করেছেন তাতে কোন প্রকার হারামের মিশ্রণ নেই। অত্র হাদীস থেকে এটাও জানা যায় যে, নিছক হালাল দ্রব্য গ্রহণ করার ফলে চোখের জ্যোতি বৃদ্ধি পায়। (ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৫৭০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন